গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল
বিভাগীয় কার্যালয়
www.dncrp.barisaldiv.gov.bd

নম্বর ২৬.০৪.১০০০.৮০১.১৭.০১২.২২.১৭৯

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯
২৮ ফেব্রুয়ারি ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: **২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বরিশাল বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক বরিশাল সদর উপজেলার তালতলী বাজার এবং মহানগরীর কোতয়ালি থানাধীন এলাকায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।**

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ২৮/০২/২০২৩ খ্রি: তারিখে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী এবং সহকারী পরিচালক জনাব সাফিয়া সুলতানা এর নেতৃত্বে ০২ টি তদারকি টিম বরিশাল সদর উপজেলার তালতলী বাজার ও মহানগরীর কোতয়ালি থানাধীন ফকির বাড়ি রোড এবং প্যারারা রোড এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে উপপরিচালক জনাব অপুর্ব অধিকারী কোতয়ালি থানাধীন ফকির বাড়ি রোড এলাকার কাজী ডিপার্টমেন্টাল স্টোরকে পণ্যের মোড়কে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য লিপিবদ্ধ না থাকা এবং মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ও ৩৮ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন । অপরদিকে জনাব সাফিয়া সুলতানা প্যারারা রোড এলাকায় বুশদা ডিপার্টমেন্টাল স্টোরকে পণ্যের মোড়কে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য লিপিবদ্ধ না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ধারা অনুযায়ী ২,০০০/- টাকা এবং বরিশাল সদর উপজেলার তালতলী বাজার এলাকার বেপারী এন্টারপ্রাইজকে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী ২,০০০/- টাকা এবং মেসার্স সুমন ফার্মেসীকে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ধারা অনুযায়ী ১৫,০০০/- টাকাসহ সর্বমোট ১৯,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন । আজকের ০২ টি অভিযানে ০৪ টি প্রতিষ্ঠানে সর্বমোট ২২,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় । অভিযান চলাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয় এবং পণ্য বা সেবা ক্রয়ে প্রতারিত হলে অধিদপ্তরে অভিযোগ দায়েরের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয় । বরিশাল মেট্রোপলিটন পুলিশ এর একটি চৌকস টিমের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

২৮-২-২০২৩
অপূর্ব অধিকারী

উপপরিচালক
ফোন: ০২৪৭৮৮৬২০৪২
ইমেইল: dd-barisal@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।

৩) পুলিশ কমিশনার, বরিশাল।

৪) জেলা প্রশাসক, বরিশাল।

৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।

৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়।

৭) অফিস কপি।